মৎস্য ও প্রাণিসম্পদ খাতে কর্মসংস্থান বাড়াতে সরকার কাজ করছে: প্রতিমন্ত্রী টুকু

লেখক: প্রকাশক | প্রকাশিত: 08 August 2026, 06:15 PM | বিভাগ: সারাদেশ

মৎস্য ও প্রাণিসম্পদ খাতে কর্মসংস্থান বাড়াতে সরকার কাজ করছে বলে জানিয়েছেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী সুলতান সালাউদ্দিন টুকু, এমপি।

তিনি বলেন, ভেটেরিনারি শিক্ষার্থীদের পড়ালেখা শেষে চাকরির নিশ্চয়তা দিতে ইতোমধ্যে অর্থমন্ত্রী ও অর্থ সচিবের সঙ্গে কথা বলে প্রধানমন্ত্রীকে বিষয়টি অবহিত করা হয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হয়েছে। ইনশাআল্লাহ, আগামীতে তাদের কর্মসংস্থান আরও বাড়বে।

শনিবার (০৮ আগস্ট) দুপুরে ময়মনসিংহে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) শিল্পাচার্য জয়নুল আবেদিন অডিটোরিয়ামে বাংলাদেশ সোসাইটি ফর ভেটেরিনারি এডুকেশন অ্যান্ড রিসার্চের (বিএসভিইআর) ৩২তম বার্ষিক বৈজ্ঞানিক সম্মেলনের উদ্বোধনী অধিবেশনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

ভেটেরিনারি শিক্ষার্থীদের উদ্দেশে প্রতিমন্ত্রী টুকু বলেন, ‘আপনাদের অ্যাসোসিয়েশন আমাদের একটি

স্মারকলিপি দিয়েছে কর্মসংস্থানের বিষয়ে। ইতোমধ্যে অর্থমন্ত্রী ও অর্থ সচিবের সঙ্গে কথা বলে মাননীয় প্রধানমন্ত্রীকে অবহিত করেছি। এই ফ্যাকালটির ছাত্রছাত্রীরা যাতে পড়ালেখা শেষে চাকরির নিশ্চয়তা পায়, সে ব্যাপারে পদক্ষেপ নিয়েছি। ইনশাআল্লাহ, আপনাদের কর্মসংস্থান বাড়বে।'

মৎস্য খাতে জনবল ও কর্মসংস্থান প্রসঙ্গে তিনি বলেন, 'বক্তব্যে অনেকেই বলছেন, একটি উপজেলায় একজন ফিশারিজ কর্মকর্তা রয়েছেন। এ বিষয়ে ইতোমধ্যে ৫০০ জনের অধিক জনবলের অনুমোদন হয়েছে। পর্যায়ক্রমে চাহিদা অনুযায়ী জনবল নেওয়া হবে।'

তিনি বলেন, 'ফিশারিজ এবং লাইভস্টকে যারা লেখাপড়া করেন, বিশেষ করে পশু ডাক্তার- একসময় মানুষ মনে করত এটা আবার কী। এ বিষয়ে লেখাপড়ার প্রতি আগ্রহও কম ছিল। এখন আগ্রহ বেড়েছে। যত দিন যাচ্ছে, বিজ্ঞানীরা গবেষণা করছেন। যত গবেষণা হবে, তত উন্নয়ন হবে। সেই জন্য আজকের এই কনফারেন্স অত্যন্ত জরুরি। প্রতিবছরই এ ধরনের সম্মেলন হওয়া উচিত।'

প্রাণিসম্পদ খাতের উন্নয়নে ভেটেরিনারি হাসপাতালের প্রয়োজনীয়তার কথা তুলে ধরে সুলতান সালাউদ্দিন টুকু বলেন, ঢাকায় কেন্দ্রীয়ভাবে একটি ভেটেরিনারি হাসপাতাল রয়েছে। সরকার কীভাবে দেশের প্রতিটি বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে একটি করে আধুনিক ও উন্নতমানের ভেটেরিনারি হাসপাতাল করা যায়, সে বিষয়টি নিয়ে চিন্তা করছে।

'গণতন্ত্র কেউ লালন করলে সেটি একমাত্র বিএনপি'

অনুষ্ঠানে দেশের রাজনৈতিক পরিস্থিতি নিয়েও কথা বলেন প্রতিমন্ত্রী সুলতান সালাউদ্দিন টুকু। তিনি বলেন, 'এই দেশে গণতন্ত্র যদি কেউ লালন করে, সেটি একমাত্র বিএনপি। বিএনপি কখনোই গণতন্ত্রের বিপক্ষে যায়নি। বিএনপি একটি আধুনিক, উদার গণতান্ত্রিক দল।'

তিনি আরও বলেন, 'আমরা ডেমোক্রেসিতে বিশ্বাস করি। যতবার এই দেশের মানুষ নিরপেক্ষভাবে ভোট দেওয়ার সুযোগ পেয়েছে, ততবার বাংলাদেশের মানুষ বিএনপিকে বেছে নিয়েছে।'

বর্তমান সরকারের কর্মকাণ্ডের বিষয়ে প্রতিমন্ত্রী বলেন, 'পাঁচ বছরের জন্য রায় দিয়েছেন, পাঁচ বছর দেখেন আমাদের কর্মকাণ্ড। ফ্যামিলি কার্ড, কৃষি কার্ড, খাল খননসহ মাননীয় প্রধানমন্ত্রী যতগুলো কর্মকাণ্ড নিয়েছেন, জনগণের স্বার্থে নিয়েছেন।'

তিনি বলেন, 'ক্ষমতার উৎস হচ্ছে জনগণ। আজকে সেই জনগণকে যারা দুর্ভোগে ফেলতে চায়, যারা ষড়যন্ত্র করে, যাদের তর সইছে না, অস্থির হয়ে গেছে- কীসের অস্থিরতা? আগে দেখেন।'

রাজনৈতিক প্রতিপক্ষের উদ্দেশে তিনি বলেন, 'পাঁচ বছর পর একটি সুষ্ঠু নির্বাচন হবে, জনগণই বিচার করবে কে দেশ পরিচালনা করবে। আপনারা সেই পথে হাঁটছেন না। আপনারা ষড়যন্ত্রের পথে হাঁটছেন।'

সুলতান সালাউদ্দিন টুকু বলেন, ‘ষড়যন্ত্রকারী, নির্যাতনকারী, ফ্যাসিবাদ, স্বৈরাচার, রাজাকার- কখনোই জনগণ গ্রহণ করেনি, আগামীতেও করবে না। কাজেই এখনো সময় আছে, সঠিক পথে হাঁটুন। তাহলেই দেখবেন রাজনীতি সুন্দর হবে, দেশকে সুন্দর করবে।’

বাংলাদেশ সোসাইটি ফর ভেটেরিনারি এডুকেশন অ্যান্ড রিসার্চের (বিএসভিইআর) ৩২তম বার্ষিক বৈজ্ঞানিক সম্মেলনের উদ্বোধনী অধিবেশনে সভাপতিত্ব করেন সংগঠনটির সভাপতি ও সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আলীমুল ইসলাম।

সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ময়মনসিংহ-৪ আসনের সংসদ সদস্য মো. আবু ওয়াহাব আকন্দ ওয়াহিদ। প্রধান পৃষ্ঠপোষক ছিলেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ কে ফজলুল হক ভূঁইয়া।

এছাড়া অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ভেটেরিনারি সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. মো. বাহানুর রহমান, প্রাণিসম্পদ অধিদপ্তরের মহাপরিচালক মো. শাহজামান খান এবং ইন্টার এগ্রো বিডি লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ডা. এ কে এম খসরুজ্জামান।

সম্মেলনে দেশের ভেটেরিনারি শিক্ষা, গবেষণা, টেকসই প্রাণিসম্পদ উন্নয়ন ও বৈশ্বিক স্বাস্থ্য নিয়ে আলোচনা করেন সংশ্লিষ্ট শিক্ষক, গবেষক ও বিশেষজ্ঞরা।

© 2026 আপনার নিউজ পোর্টাল। সর্বস্বত্ব সংরক্ষিত।

এই প্রতিবেদনটি আমাদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা হয়েছে।